STATE OF WASHINGTON
DEPARTMENT OF SOCIAL AND HEALTH SERVICES
DIVISION OF CHILD SUPPORT (DCS)

জিম্মাবিহীন পিতামাতার অধিকার ও দায়িত্বসমূহ

Noncustodial Parent’s Rights and Responsibilities

ডিভিশন অব চাইল্ড সাপোর্ট (ডিসিএস):

1. শিশু সহায়তা আদেশ এবং চিকিৎসা সহায়তার দায়সমূহ প্রতিষ্ঠা ও বলবৎ করে।
2. সম্ভাব্য পরিবর্তন সাধনের জন্য শিশু সহায়তা আদেশ পর্যালোচনা করে।
3. ওয়াশিংটন স্টেট সাপোর্ট রেজিস্ট্রি (ডাব্লিউএসএসআর)-এর মাধ্যমে শিশু সহায়তার অর্থ গ্রহণ, রেকর্ড এবং বিতরণ করে।

জিম্মাবিহীন পিতামাতা

আপনি একজন জিম্মাবিহীন পিতামাতা। জিম্মাবিহীন পিতামাতা হচ্ছেন একজন প্রকৃত পিতা, অথবা একজন স্বীকৃত দত্তক বা রায়প্রাপ্ত পিতা, প্রকৃত মাতা, অথবা রায়প্রাপ্ত বা দত্তক মাতা যাকে অবশ্যই তার নির্ভরশীল সন্তানকে আর্থিক সহায়তা প্রদান করতে হবে। স্টেট এবং ফেডারেল আইন এই দায়িত্ব আরোপ করে।

শিশু সহায়তার অর্থপরিশোধ

সাধারণত শিশু সহায়তার অর্থ আপনাকে পরিশোধ করতে হবে। আপনার শিশু সহায়তার অর্থ পরিশোধের আবশ্যকতা সম্পর্কে অবহিত করে ডিসিএস আপনাকে একটি বিজ্ঞপ্তি প্রদানের পর ডাব্লিউএসএসআর অন্য কোন কোন গোষ্ঠীগত আদালত বা শিশু সহায়তা সংস্থা, অথবা অন্য রাজ্যের আদালত বা শিশু সহায়তা এজেন্সি ছাড়া অন্য কাউকে পাঠানো পেমেন্টের জন্য, ডিসিএস আপনার অ্যাকাউন্টে অর্থ **জমা করবে না**। এই আদেশের সমর্থনে অপর কোন পক্ষকে সরাসরি অর্থ প্রদানের জন্য ডিসিএস আপনার অ্যাকাউন্টে টাকা জমা করবে না যদি না সোশ্যাল অ্যাডমিনিস্ট্রেশন, ডিপার্টমেন্ট অব লেবার অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, অথবা কোন শিশু সহায়তা দায় পালনে ডিপার্টমেন্ট অব ভেটারান অ্যাফেয়ার্স এর ন্যায় কোন নির্ভরশীল সুবিধার জন্য অর্থ পরিশোধের উদ্দেশ্যে কোন সংস্থা থেকে অর্থ পরিশোধিত হয়।

1. অন্য কোন স্টেট অথবা কোন গোষ্ঠীগত শিশু সহায়তা সংস্থা অথবা কোন স্টেট বা গোষ্ঠীগত আদালত তাদের নিকট অর্থ পরিশোধের জন্য আপনাকে অনুরোধ জানালে তা অবিলম্বে ডিসিএস'কে অবহিত করুন।
2. নিচে দেওয়া ডিসিএস-এর ঠিকানা ছাড়া অন্য কারো নিকট অর্থ পরিশোধ করবেন না, যদি না ডিসিএর-এর পক্ষ থেকে লিখিতভাবে আপনাকে জানানো হয় যে আমরা আপনার কেসটির সমাপ্তি টেনেছি।

আপনাকে যাবতীয় সহায়তার অর্থ পরিশোধ করতে হবে ওয়াশিংটন স্টেট সাপোর্ট রেজিস্ট্রি (ডাব্লিউএসএসআর) বরাবর। নিম্নের যে কোন পদ্ধতি ব্যবহার করে আপনি অর্থ পরিশোধ করতে পারেন:

1. বেতন হতে কর্তন। অধিকাংশ সহায়তা আদেশ বেতন থেকে কর্তনপূর্বক সহায়তার অর্থ আদায়ের ক্ষমতা ডিসিএস'কে দেয় অথবা ডাব্লিউএসএসআর-এর মাধ্যমে অর্থ প্রদানের বিধান রাখে। আপনার আদেশে ডিসিএস'কে এরূপ ক্ষমতা দেওয়া হলে ডিসিএস বেতন হতে কর্তনের মাধ্যমে সহায়তার অর্থ আদায়ের চেষ্টা চালাবে।
2. ব্যক্তিগত চেক, মানি অর্ডার, সার্টিফায়েড চেক, অথবা ক্যাশিয়ার'স চেক। যাবতীয় চেক এবং মানি অর্ডারের চেক পাঠান নিচের ঠিকানায়:
   WASHINGTON STATE SUPPORT REGISTRY
   PO BOX 45868
   OLYMPIA WA 98504-5868
3. ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি)। ইএফটি চেকিং অথবা সেভিংস অ্যাকাউন্ট হতে প্রতি মাসে স্বয়ংক্রিয়ভাবে সহায়তার অর্থ কর্তনের সুযোগ প্রদান করে থাকে। ইএফটি সম্পর্কে আরও তথ্য জানতে 800-468-7422 নম্বরে ফোন করুন।
4. ইন্টারনেট: ইন্টারনেটে অর্থ পরিশোধের মাধ্যমে চেকিং অথবা সেভিংস অ্যাকাউন্ট হতে প্রতি মাসে স্বয়ংক্রিয়ভাবে সহায়তার অর্থ কর্তনের সুযোগ রয়েছে। আরও তথ্য জানতে https://secure.dshs.wa.gov/. -এডিসিএস-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।
5. ক্রেডিট বা ডেবিট কার্ড। আরও তথ্য জানতে http://www.dshs.wa.gov/esa/division-child-support/creditdebit-card-payments-এ ডিসিএস-এর ওয়েবসাইট পরিদর্শন করুন।

অপর্যাপ্ত অর্থ জমা থাকার কারণে আপনার ব্যাংক আপনার কোন চেক প্রত্যাখ্যান করলে বা কোন ইএফটি বা ইন্টারনেট পেমেন্ট অনার করতে ব্যর্থ হলে ডিসিএস ভবিষ্যত প্রদেয়সমূহ গ্রহণ করবে শুধুমাত্র নগদ অর্থ, মানি অর্ডার, ক্যাশিয়ার'স চেক, সার্টিফায়েড চেক, অথবা বেতন হতে কর্তনের মাধ্যমে।
সকল অর্থ পরিশোধ এবং যোগাযোগের ক্ষেত্রে IN______________________ এই অ্যাকাউন্ট নম্বরটি উল্লেখ করুন।
যদি আপনার সন্তানের (বা সন্তানদের) জন্য আর্থিক সহায়তা আপনার পরিশোধ না করার পক্ষে আইনগত কারণ থাকে অথবা যদি ডিসিএস ভুলক্রমে আপনাকে এই প্রক্রিয়ায় সম্পৃক্ত করে থাকে, তাহলে অবিলম্বে তা ডিসিএস'কে অবহিত করুন।
যদি ডিসিএস আপনাকে সূচিত করে যে আমরা আপনার সহায়তা বাধ্যবাধকতা সংগ্রহ স্থগিত করছি, আপনার বাধ্যবাধকতা ভবিষ্যতে সংগৃহীত হতে পারে। ডিসিএস এই পদক্ষেপ গ্রহণের পূর্বে আপনাকে সূচিত করবে।
যদি আপনি জেল, কারাগার, বা সংশোধনাগারে ছয় মাসেরও বেশি আটক থাকেন বা সাজাপ্রাপ্ত হয়ে থাকেন তবে প্রতিটি শিশু সহায়তা আদেশের জন্য আপনার শিশু সহায়তা আদেশ সাময়িকভাবে প্রতি মাসে $10 হ্রাস (ছাড়) করা হতে পারে। আপনি, জিম্মাযুক্ত পিতামাতা, বা ডিসিএস ছাড়ের জন্য অনুরোধ করতে পারেন। যদি আপনার ক্ষেত্রে ছাড় প্রযোজ্য হয়, তবে আপনি আপনি ছাড়ের শর্তাদি ব্যাখ্যা করে ডিসিএসের কাছ থেকে বিজ্ঞপ্তি পাবেন এবং একমত না হলে প্রতিটি ব্যক্তির শুনানি চাওয়ার অধিকার রয়েছে। আপনার মুক্তি পাওয়ার পরে এই পরিমাণটি চতুর্থ মাসে সহায়তা আদেশের 50% এ বৃদ্ধি পাবে এবং মুক্তি পাওয়ার এক বছর পরে আবার মূল পরিমাণের 100% এ বৃদ্ধি পাবে

চিকিৎসা সহায়তার দায়

যদি আপনার সহায়তার আদেশে আপনার সন্তানদের জন্য স্বাস্থ্য বিমা সুবিধা প্রদান আপনার জন্য আবশ্যিক করা হয়, তাহলে আপনার দায় বলবৎ করতে ডিসিএস ব্যবস্থা গ্রহণ করবে। যদি আপনার সহায়তার আদেশের আবশ্যকতা অনুযায়ী নগদ অর্থে চিকিৎসা সহায়তা আপনার প্রদান করতে হয়, তাহলে কী পরিমাণ অর্থ আপনি ডলারে পরিশোধ করবেন তা ডিসিএস নির্ধারণ করবে এবং আদায় করবে।

1. আপনার সহায়তার আদেশে উল্লেখ থাকা শিশু(দে)র জন্য স্বাস্থ্য বিমার আওতা সম্পর্কিত কোন কিছু পরিবর্তিত হলে অবিলম্বে ডিসিএস'কে জানান।
2. নগদ অর্থে চিকিৎসা সহায়তা'র অন্তর্ভুক্ত রয়েছে অফেরতযোগ্য চিকিৎসা ব্যয়ের আনুপাতিক ভাগ এবং স্বাস্থ্য বিমা প্রদান না করার ক্ষেত্রে আপনার সহায়তার আদেশ কর্তৃক আবশ্যিক হয়ে থাকলে, একটি মেডিকেল প্রিমিয়ামের অংশ (নগদ অর্থে)।

যদি আপনার সহায়তার আদেশ অনুযায়ী স্বাস্থ্য বিমা সুবিধার অর্থ অথবা বিমা বহির্ভূত চিকিৎসা ব্যয়ের অর্থ জিম্মাযুক্ত পিতামাতার পরিশোধ করতে হয়, তাহলে আপনি শিশু সহায়তার পূর্ণ বলবৎকরণের জন্য আবেদন জানাতে পারেন এবং:

1. স্বাস্থ্য বিমা প্রদানের জন্য জিম্মাযুক্ত পিতামাতার দায় বলবৎকরণে ডিসিএস'কে অনুরোধ জানাতে পারেন। আপনার মামলার পরিস্থিতি বিবেচনাসাপেক্ষে ডিসিএস দায় বলবৎ করতে পারে।
2. জিম্মাযুক্ত পিতামাতার নিকট থেকে WAC 388-14A-1020-এর বিধান অনুসারে কোপেমেন্ট, কর্তনসমূহ, এবং প্রিমিয়াম সহকারে বিমা বহির্ভূত চিকিৎসা ব্যয় আদায়ের জন্য ডিসিএস'কে অনুরোধ জানাতে পারেন।

যদি আপনার সহায়তার আদেশ অনুযায়ী স্বাস্থ্য বিমা, মেডিকেল প্রিমিয়ামের অংশ, অথবা WAC 388-14A-1020-এ বর্ণিত বিমা বহির্ভূত চিকিৎসা ব্যয়ের অর্থ জিম্মাযুক্ত পিতামাতার পরিশোধ করতে না হয়, তাহলে আপনার আদেশ সংশোধনের লক্ষ্যে এটি পর্যালোচনার জন্য ডিসিএস'কে অনুরোধ জানাতে পারেন, অথবা এটি সংশোধনের পিটিশন বা আর্জি আপনি নিজেই পেশ করতে পারেন।

আপিলের প্রকার

কনফারেন্স বোর্ড। কনফারেন্স বোর্ড হচ্ছে একটি প্রশাসনিক (আদালত-বহির্ভূত) ডিসিএস প্রক্রিয়া যা বিভিন্ন বিবাদ নিষ্পত্তিতে, নীতিমালা ব্যাখ্যা করতে, এবং ঘটনাবলী সুস্পষ্ট করতে ব্যবহৃত হয়।

1. কনফারেন্স বোর্ড আদালতের আদেশ-ভিত্তিক এবং আদালতের আদেশ-বিহীন উভয় প্রকার শিশু সহায়তার মামলাসমূহ পর্যালোচনা করতে পারে।
2. কনফারেন্স বোর্ড আপনার সঙ্গে কোনরূপ সাক্ষাৎ ব্যতিরেকে সিদ্ধান্ত জারি করতে পারে। যদি আপনার সাক্ষাতের সুযোগ থাকে, তাহলে আপনি আপনার বিষয়টি ডিসিএস ব্যবস্থাপনার সঙ্গে আলোচনা করতে পারেন, যারা ডিসিএস-এর পূর্ববর্তী সিদ্ধান্ত পরিবর্তনের ক্ষমতা রাখে। কনফারেন্স বোর্ড আমাদের স্টাফদের গৃহীত ব্যবস্থা পরিবর্তনে সক্ষম, তবে আইন দ্বারা বিধানকৃত কোন পদক্ষেপ পরিবর্তনে সক্ষম নয়।

মীমাংসা প্রক্রিয়া (শুনানি)। শুনানিও এক প্রকার প্রশাসনিক (আদালত-বহির্ভূত) প্রক্রিয়া। শুনানি কনফারেন্স বোর্ডের চেয়ে অধিক আনুষ্ঠানিক, তবে এটি আদালতের পদক্ষেপের তুলনায় কম আনুষ্ঠানিক।

1. স্টেটের আইন অনুযায়ী শুধুমাত্র অল্প কিছু পরিস্থিতির ক্ষেত্রে শুনানির সুযোগ রয়েছে। যদি ডিসিএস আপনাকে একটি নোটিস প্রদান করে, তাহলে ঐ নোটিসে বলা থাকবে শুনানি প্রার্থনার অধিকার আপনার রয়েছে কি না। শুনানিতে একজন অ্যাডমিনিস্ট্রেটিভ ল' জাজ (এএলজে) সভাপতিত্ব করেন। এএলজে'গণ ডিসিএস-এর কর্মচারী নন।
2. শুনানিতে এএলজে আপনার কেস পর্যালোচনা করে এবং আপনার বিবাদের বিষয়ে একটি রায় প্রদান করে। আপনার শিশু সহায়তার আদেশ বলবৎ করা থেকে ডিসিএস'কে বিরত রাখতে হলে আপনাকে অবশ্যই নোটিস প্রাপ্তির 20 দিবস (যদি ওয়াশিংটন স্টেটে নোটিসটি পেয়ে থাকেন) অথবা 60 দিবস (যদি ওয়াশিংটন স্টেটের বাইরে নোটিসটি পেয়ে থাকেন) সময়ের মধ্যে শুনানির আবেদন করতে হবে।
   a. 20 বা 60 দিবস সময়সীমার পরেও আপনি শুনানির অনুরোধ জানাতে পারেন। তবে এক্ষেত্রে ডিসিএস আপনার সহায়তার আদেশ বলবৎ রাখবে, যতক্ষণ না আমরা শুনানির কোন সিদ্ধান্ত হাতে পাই। শুনানির রায়ের জন্য অপেক্ষমান থাকাকালে আদায়কৃত অর্থের জন্য ডিসিএস কোনরূপ ক্ষতিপূরণ প্রদান করবে না।
   b. যদি আপনি নোটিস প্রাপ্তির এক বছরেরও বেশি সময় পরে শুনানির আবেদন জানান, তাহলে আপনাকে উপযুক্ত কারণ প্রদর্শন (বিলম্বিত অনুরোধের জন্য যথাযথ যুক্তি উপস্থাপন) করতে হবে। এএলজে আপনার বিলম্বিত আবেদন নাও গ্রহণ করতে পারে। তবে শুনানির জন্য বিলম্বিত অনুরোধের পক্ষে যথাযথ যুক্তি উপস্থাপন করতে না পারলেও আপনার ভবিষ্যত শিশু সহায়তা দায় সংশোধনের অধিকার আপনার থাকতে পারে।
3. এএলজে'র সিদ্ধান্তের একটি প্রতিলিপি আপনাকে ডাকযোগে প্রেরণ করা হবে। এএলজে'র সিদ্ধান্তে আপনার আপিলের অধিকার সম্পর্কিত তথ্য থাকবে।
4. প্রযোজ্য ক্ষেত্রে, আমরা শুনানির অনুরোধ পেলে আপনার সহায়তা আদেশের উভয় পক্ষকে ডিসিএস অবহিত করবে। উভয় পক্ষ শুনানিতে অংশ নিতে পারবে।

আপনার কোন প্রশ্ন থাকলে:

DIVISION OF CHILD SUPPORT
PO BOX 11520
TACOMA WA 98411-5520

ভিতরে ______________________ কলিং এরিয়ার ______________________________
বাইরে ______________________ কলিং এরিয়ার ______________________________

বাক অথবা শ্রবণ প্রতিবন্ধিত্ব সম্পন্নদের জন্য টিটিওয়াই/টিডিডি পরিষেবার সুবিধা রয়েছে।
www.dshs.wa.gov/esa/division-child-support -এ আমাদের ওয়েবসাইট পরিদর্শন করুন।

জাতি, গাত্রবর্ণ, জাতিগত উৎসমূল, বিশ্বাস, ধর্ম, লৈঙ্গিক পরিচয়, বয়স, অথবা প্রতিবন্ধিত্বের কারণে নিয়োগ, পরিষেবাসমূহ, অথবা এই কর্মসূচির কর্মকাণ্ডসমূহের যে কোন বিষয়ে কোন ব্যক্তির সঙ্গে বৈষম্য করা হবে না। অনুরোধক্রমে এই ফর্মটি বিকল্প আঙ্গিকে বা ফরম্যাটে পাওয়া যাবে।